রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরি বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ/০২ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ২৪৫-আইন/২০২০।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিক ও কর্মচারীগণের জন্য 'নিম্নতম মজুরি বোর্ড' কর্তৃক সুপারিশকৃত নিম্নের তপশিল 'ক' ও তপশিল 'খ' তে বর্ণিত নিম্নতম মজুরি হারকে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, যথাক্রমে, উক্ত সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার হিসেবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

**তপশিল 'ক'**

**শ্রমিকগণের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১:**<br>১। চীফ কোয়ালিটি কন্ট্রোলার<br>২। লাইন লিডার/ গ্রুপ লিডার<br>৩। স্যাম্পল ম্যান | ৭৭৮০/- | ৩৮৯০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৩৫২০/- |


**মূল্য** : টাকা ১৬.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২:**<br>১। সিনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সিনিয়র ডেসপ্যাচম্যান<br>৩। সিনিয়র নাইফ সাপ্লাইয়ার<br>৪। সিনিয়র মার্কিং ম্যান<br>৫। সিনিয়র প্যাকিংম্যান<br>৬। সিনিয়র এ্যাসেমব্লিম্যান<br>৭। সিনিয়র প্রিপারেশন ম্যান<br>৮। সিনিয়র প্রাইমার এপ্লাইয়ার<br>৯। সিনিয়র হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১০। সিনিয়র আয়রণ ম্যান/ ফিটিংম্যান<br>১১। সিনিয়র অপারেটর ডিলাষ্টিং<br>১২। সিনিয়র এজকালার এপ্লাইয়ার<br>১৩। সিনিয়র ক্রিম এপ্লাইয়ার<br>১৪। সিনিয়র মোল্ড চেনজার<br>১৫। সিনিয়র অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>১৬। সিনিয়র ইনপুট/ আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>১৭। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/ চেকার | ৫৭৮০/- | ২৮৯০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১০৫২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৮। সিনিয়র অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>১৯। সিনিয়র মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। ডেসপ্যাচম্যান<br>৩। স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৪। নাইফ সাপ্লাইয়ার<br>৫। প্যাকিংম্যান<br>৬। এ্যাসেমব্লিম্যান<br>৭। গ্লু এপ্লাইয়ার<br>৮। সকস পেস্টার<br>৯। মার্কিং ম্যান<br>১০। প্রিপারেশন ম্যান<br>১১। প্রাইমার এপ্লাইয়ার<br>১২। হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১৩। আয়রণ ম্যান/ ফিটিংম্যান<br>১৪। অপারেটর ডিলাষ্টিং<br>১৫। এজকালার এপ্লাইয়ার<br>১৬। ক্রিম এপ্লাইয়ার<br>১৭। মোল্ড চেনজার<br>১৮। অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং | ৫০০০/- | ২৫০০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯৩৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৯। ইনপুট/ আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২০। কোয়ালিটি ইন্সপেক্টর/ চেকার<br>২১। অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২২। মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। জুনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জুনিয়র ডেসপ্যাচম্যান<br>৩। জুনিয়র স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৪। জুনিয়র নাইফ সাপ্লাইয়ার<br>৫। জুনিয়র গ্লু এপ্লাইয়ার<br>৬। জুনিয়র প্যাকিংম্যান<br>৭। জুনিয়র এ্যাসেমব্লিম্যান<br>৮। জুনিয়র সকস পেস্টার<br>৯। জুনিয়র মার্কিং ম্যান<br>১০। জুনিয়র প্রিপারেশন ম্যান<br>১১। জুনিয়র প্রাইমার এপ্লাইয়ার | ৪৪৫০/- | ২২২৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৫২৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১২। জুনিয়র অপারেটর ইনসোল এট্যাচিং<br>১৩। জুনিয়র হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১৪। জুনিয়র আয়রন ম্যান<br>১৫। জুনিয়র অপারেটর ক্লিনিং<br>১৬। জুনিয়র অপারেটর ডিলাষ্টিং<br>১৭। জুনিয়র এজকালার এপ্লাইয়ার<br>১৮। জুনিয়র ক্রিম এপ্লাইয়ার<br>১৯। জুনিয়র মোল্ড চেনজার<br>২০। জুনিয়র অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>২১। জুনিয়র ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২২। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৩। জুনিয়র অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২৪। জুনিয়র মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৫। | **গ্রেড-৫ :**<br>১। জেনারেল অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জেনারেল ডেসপ্যাচম্যান<br>৩। জেনারেল সাপ্লাই লাইনিং (সিনথেটিক)<br>৪। জেনারেল স্ক্রিন প্রিন্টারম্যান<br>৫। জেনারেল সীম রাবিংম্যান<br>৬। জেনারেল প্যাকিংম্যান<br>৭। জেনারেল এ্যাসেমব্লিম্যান<br>৮। জেনারেল গ্লু এপ্লাইয়ার<br>৯। জেনারেল হ্যামারিংম্যান<br>১০। জেনারেল অপারেটর টোপাফ এট্যাচিং<br>১১। স্টিকার পুটিংম্যান<br>১২। জেনারেল অপারেটর পাঞ্চিং<br>১৩। জেনারেল অপারেটর ইনসোল এট্যাচিং<br>১৪। জেনারেল হিল কালারম্যান<br>১৫। জেনারেল অপারেটর হিল বিটিং (ইনসোল) | ৩৯৫০/- | ১৯৭৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৭৭৭৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৬। জেনারেল অপারেটর ক্লিনিং<br>১৭। জেনারেল অপারেটর আউটসোল প্যাকিং/ চেকিং<br>১৮। জেনারেল এজকালার এপ্লিকেশনার<br>১৯। জেনারেল অপারেটর চার্জিংম্যান (ফিনিশ)<br>২০। জেনারেল প্রিপারেশনম্যান<br>২১। জেনারেল অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>২২। জেনারেল ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যুম্যান<br>২৩। জেনারেল কোয়ালিটি ইন্সপেক্টর/ চেকার<br>২৪। জেনারেল অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২৫। জেনারেল মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৬। | **গ্রেড-৬:**<br>১। সহকারী অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সহকারী কাটিং/ ফিটিং/ আয়রনম্যান<br>৩। সহকারী ডেসপ্যাচম্যান<br>৪। সহকারী ক্লিনিংম্যান<br>৫। সহকারী টেপিংম্যান<br>৬। সহকারী প্যাকিংম্যান<br>৭। সহকারী এ্যাসেমব্লিম্যান<br>৮। সহকারী সুইং লেসিংম্যান<br>৯। সহকারী সুতা কাটা ম্যান<br>১০। সহকারী লাষ্টিংম্যান<br>১১। সহকারী বক্স মেকিংম্যান<br>১২। সহকারী ইনসোলম্যান<br>১৩। সহকারী আউটসোল চার্জিংম্যান<br>১৪। সহকারী স্কিন প্রিন্টম্যান<br>১৫। সহকারী স্ট্যাম্পিংম্যান<br>১৬। সহকারী টেপিং থ্রেড বার্নিং/কাটিংম্যান<br>১৭। সহকারী পিন এট্যাচম্যান<br>১৮। সহকারী আপার সেপিংম্যান | ৩৫০০/- | ১৭৫০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৭১০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৯। সহকারী এজ কালারম্যান<br>২০। সহকারী ইনপুট/ আউটপুট/এ্যাক্সোসরিজ ইস্যুম্যান<br>২১। সহকারী ইনসোল স্ট্যাম্পিংম্যান<br>২২। সহকারী ক্যারিয়ার, আউটসোল ক্লিনিংম্যান<br>২৩। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৪। সহকারী মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পি ইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ট্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |

- শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট শ্রেণির স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তপশিল 'খ'**
**কর্মচারীগণের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ বা গ্রেড ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। স্টোর কিপার/ ওয়ার হাউজ কিপার/ টাইম কিপার<br>২। সিনিয়র ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৩। সিনিয়র স্যানিটারী টেকনিশিয়ান/প্লাম্বার<br>৪। সিনিয়র মটর ওয়াইন্ডার/ওয়েল্ডার<br>৫। সিনিয়র নার্স/ মেডিকেল এসিস্ট্যান্ট<br>৬। সিনিয়র হাবিলদার/ গার্ড কমান্ডার<br>৭। সিনিয়র মিস্ত্রি/ম্যাসন<br>৮। সিনিয়র ফায়ারম্যান | ৬৭৮০/- | ৩৩৯০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১২০২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২ :**<br>১। হিসাব সহকারী/ জুনিয়র এসিস্ট্যান্ট<br>২। পাম্প অপারেটর<br>৩। হাবিলদার/গার্ড কমান্ডার<br>৪। টেলিফোন অপারেটর<br>৫। সহকারী স্টোর কিপার/ ক্যাশিয়ার<br>৬। কম্পিউটার অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর<br>৭। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী<br>৮। ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৯। শিশু পরিচর্যাকারী<br>১০। মটর ওয়াইন্ডার<br>১১। নার্স/জুনিয়র মেডিকেল এসিস্ট্যান্ট<br>১২। ওয়েল্ডার<br>১৩। ফায়ারম্যান<br>১৪। মিস্ত্রি/ম্যাসন<br>১৫। ড্রাইভার (লাইট ও মিডিয়াম লাইসেন্সপ্রাপ্ত) | ৬১১০/- | ৩০৫৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১১০১৫/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। ক্লার্ক/অফিস সহকারী<br>২। কেয়ারটেকার<br>৩। গার্ডেনার/টি-বয়/ ক্যান্টিন বয়<br>৪। কুক<br>৫। অপারেটর (জেনারেটর/ কমপ্রেসার/বয়লার/ইটিপি/ লিফট/এসি/ফটোকপি মেশিন)<br>৬। নিরাপত্তা প্রহরী/ নিরাপত্তা প্রহরী (মহিলা) | ৫১৪০/- | ২৫৭০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯৫৬০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | **গ্রেড-৪:**<br>১। সহকারী ক্যান্টিন বয়<br>২। সহকারী গার্ডেনার<br>৩। পিয়ন/চাইল্ড কেয়ার এসিস্ট্যান্ট<br>৪। পানি সরবরাহকারী/ সহকারী প্লাম্বার/ সহকারী পাম্প অপারেটর<br>৫। কুক সহকারী<br>৬। প্যাকিং সহকারী<br>৭। সহকারী ইলেকট্রিশিয়ান/ মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৮। স্টোর সহকারী<br>৯। ক্লিনার/সুইপার<br>১০। ভ্যান ড্রাইভার/সহকারী ড্রাইভার (লাইট ও মিডিয়াম)<br>১১। মেইনটেনেন্স সহকারী<br>১২। দারোয়ান/চেকার/ লোডার<br>১৩। জুনিয়র নিরাপত্তা প্রহরী/ নিরাপত্তা প্রহরী (মহিলা)<br>১৪। সহকারী অপারেটর (জেনারেটর/কমপ্রেসার/ বয়লার/ইটিপি/লিফট/ এসি/ ফটোকপি মেশিন)<br>১৫। সহকারী মিস্ত্রি/ ম্যাসন<br>১৬। সহকারী ফায়ারম্যান | ৪৪৫০/- | ২২২৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৫২৫/- |

- **শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

  (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৬,০০০/-(ছয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন;

  (খ) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস; এবং

  (গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট শ্রেণি বা গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

**শর্তাবলি :**

১। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি হার সমগ্র বাংলাদেশের "চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

২। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে;

৩। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত শ্রমিক বা কর্মচারী বর্তমানে যে শ্রেণি বা গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই শ্রেণি বা গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক বা কর্মচারীকে নিম্ন শ্রেণি বা গ্রেডভুক্ত করা যাইবে না;

৪। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত শ্রেণি বিভাগ ও পদবিন্যাস অনুযায়ী শ্রমিক বা কর্মচারীগণকে যথাযথ শ্রেণি বা গ্রেডে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন;

৫। কোনো শ্রমিক বা কর্মচারীকে তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না;

৬। উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করা হইলে উহা কোনোক্রমেই হ্রাস করা যাইবে না;

৭। উক্ত সেক্টরের শ্রমিক বা কর্মচারী এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরি নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৮। উক্ত সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিক বা কর্মচারীকে নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না এবং উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারীর ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরি প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

৯। উক্ত সেক্টরে শ্রমিক বা কর্মচারী সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১০। উক্ত সেক্টরের মালিক যদি শ্রমিক ফুরণ ভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিক নির্দিষ্ট শ্রেণি করিয়া নির্ধারিত নিম্নতম মজুরি প্রদান করিতে হইবে;

১১। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক উহা ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১২। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর শ্রমিক বা কর্মচারীগণের মূল মজুরির ৫% (শতকরা পাঁচ ভাগ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% (শতকরা পাঁচ ভাগ) হারে বৃদ্ধি পাইবে;

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিক বা কর্মচারীর মূল মজুরি ৩,৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকা হয়, তাহা হইলে ০১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর উক্ত শ্রমিক বা কর্মচারীর বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া তাহার মূল মজুরি ৩,৬৭৫/-(তিন হাজার ছয়শত পঁচাত্তর) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে তাহার মূল মজুরি ৩,৬৭৫/-(তিন হাজার ছয়শত পঁচাত্তর) টাকার ৫% (শতকরা পাঁচ ভাগ) বৃদ্ধি পাইয়া ৩,৮৫৮.৭৫/-(তিন হাজার আটশত আটান্ন টাকা পঁচাত্তর পয়সা) টাকা মূল মজুরি নির্ধারিত হইবে;

১৩। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বা কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৪। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিক বা কর্মচারীকে আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিক বা কর্মচারীর ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৫। উপরিউক্ত শর্তাবলির কোনো অংশ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা জামান**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd